গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর
সাধারণ শাখা
www.meherpur.gov.bd

১৭ মার্চ, ২০১৯ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৯তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস- ২০১৯" উদযাপনের কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মো: আতাউল গনি<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ০৩.০৩.২০১৯ খ্রি. |
| সভার সময় | বেলা ১০:৩০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)। |

সভাপতি সভার প্রারম্ভে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা নিবেদন করে উপস্থিত সকলকে স্বাগত জানান। তিনি আরও জানান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস আমাদের জাতীয় জীবনে বিশেষভাবে গুরুত্বপূর্ণ। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের **৭ মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর "মেমোরি অব দ্য' ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার-এ অন্তর্ভুক্তির মাধ্যমে" বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য'র" স্বীকৃতি** লাভ করেছে। এ অসামান্য অর্জনে অনুপ্রাণিত হয়ে মুক্তিযুদ্ধের চেতনা ও জাতির পিতার আদর্শকে ধারণ করে এ দেশের শিশুরা সুনাগরিক হিসেবে নিজেদের গড়ে তুলবে। প্রতি বছরই সর্বস্তরের সকলের সক্রিয় সহযোগিতায় এ দিবসটি যথাযোগ্য মর্যাদার সাথে পালন করার বিষয়ে তিনি মত প্রকাশ করেন। এবার অধিকতর সফলভাবে দিবসটি উদযাপনের জন্য সভায় উপস্থিত সকলের প্রতি অনুরোধ জানান। অত:পর অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ১৭/০১/২০১৯ তারিখ অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী পড়ে শোনান।

০২। আলোচনায় উত্থাপিত মতামতের ভিত্তিতে আগামী ১৭ মার্চ ২০১৯ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৯তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| তারিখ ও সময় | কার্যক্রম | বাস্তবায়ন |
|---|---|---|
| ১৭ মার্চ, ২০১৯<br>সকাল **৯:০০** টা | জাতির **পিতা বঙ্গবন্ধু** শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্প**স্তবক** অর্পণ ও আনন্দ **র‌্যালি:** সুশীল সমাজ, বিশিষ্ট ব্যক্তিবর্গ, রাজনৈতিক নেতৃবৃন্দ ও সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, ছাত্র-ছাত্রী, সরকারি, বেসরকারি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারি জেলা প্রশাসকের কার্যালয়ে সমবেত হয়ে আনন্দর‌্যালি করে ড. শহীদ সামসুজ্জোহা পার্কে পুষ্পস্তবক অর্পণ। | (ক) সংশ্লিষ্ট উপ-কমিটি<br>(খ) সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ।<br>(গ) সকল সরকারী-বেসরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান প্রধানগণ। |
| সকাল ৯:৩০ টা | <u>সমাবেশ ও আলোচনা সভা:</u><br>আনন্দ র‌্যালি ও পুষ্পস্তবক অর্পণ শেষে ড. শহীদ সামসুজ্জোহা পার্কে সমাবেশ ও আলোচনা সভা। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| সকাল ৯:৪০ **টা** | <u>রক্তদান কর্মসূচি:</u><br>ড. শহীদ সামসুজ্জোহা পার্কে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি পালন। | সিভিল সার্জন। |

| | | |
|---|---|---|
| বাদ জোহর | মিলাদ মাহফিল ও দোয়া:<br>সকল মসজিদে সুবিধাজনক সময়ে নিজ ব্যবস্থাপনায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের রুহেরমাগফেরাত কামনা করে মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত। | স্ব-স্ব মসজিদ কর্তৃপক্ষ ও ইসলামিক ফাউন্ডেশন |
| সুবিধাজনক সময়ে | অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে বিশেষ প্রার্থনা:<br>মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় উপাসনালয়ে সুবিধাজনক সময়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার শান্তি কামনা করে বিশেষ প্রার্থনা। | স্ব-স্ব ধর্মীয় উপাসনালয় কর্তৃপক্ষ। |
| সুবিধাজনক সময়ে | জেলা পর্যায়ে শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে রচিত কবিতা আবৃত্তি।<br>স্থান: শিশু একাডেমি, মেহেরপুর। | সংশ্লিষ্ট উপ-কমিটি।<br>জেলা শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা।<br>উপজেলা নির্বাহী অফিসারগণ উপজেলা ও ইউনিয়নসমূহে কর্মসূচি সমন্বয় করবেন। |
| সুবিধাজনক সময়ে | সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৯তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস, ২০১৯ এর উপর আলোচনা অনুষ্ঠানে সকল শিক্ষক ও ছাত্র/ছাত্রীদের উপস্থিত নিশ্চিত করা। | ০১। জেলা শিক্ষা অফিসার<br>০২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার<br>০৩। সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ। |

০৩. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, আনন্দর্যালি, সমাবেশ ও আলোচনা অনুষ্ঠান সুষ্ঠুভাবে
বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত উপ-কমিটি গঠন করা হয়: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| ০১. | অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক), মেহেরপুর | আহবায়ক |
| ০২. | অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) | সদস্য |
| ০৩. | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মেহেরপুর | সদস্য |
| ০৪. | উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর | সদস্য |
| ০৫. | নেজারত ডেপুটি কালেক্টর, মেহেরপুর | সদস্য |
| ০৬. | জনাব মোঃ মহিদুল হক, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর | সদস্য |
| ০৭. | জেলা শিক্ষা অফিসার, মেহেরপুর | সদস্য |
| ০৮. | জেলা তথ্য অফিসার, মেহেরপুর। | সদস্য |
| ০৯. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মেহেরপুর। | সদস্য |

| | | |
|---|---|---|
| ১০. | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেহেরপুর। | সদস্য |
| ১১. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, মেহেরপুর। | সদস্য |
| ১২. | কমান্ডার, জেলা ইউনিট কমান্ড, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, মেহেরপুর | সদস্য |
| ১৩. | জনাব মোঃ আব্দুল হালিম, সিনিঃ সহ-সভাপতি, জেলা আওয়ামীলীগ, মেহেরপুর | সদস্য |
| ১৪. | মেয়র, মেহেরপুর পৌরসভার প্রতিনিধি | সদস্য |
| ১৫. | জনাব মোঃ আসকার আলী, উপদেষ্টা, জেলা আওয়ামীলীগ, মেহেরপুর | সদস্য |
| ১৬. | জনাব আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, সহ-সভাপতি, জেলা আওয়ামীলীগ, মেহেরপুর | সদস্য |
| ১৭. | সভাপতি/সম্পাদক, জেলা যুবলীগ, মেহেরপুর | সদস্য |
| ১৮. | বেগম শামীম আরা হীরা, চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, মেহেরপুর | সদস্য |
| ১৯. | বেগম লাভলী ইয়াসমীন, সম্পাদিকা, জেলা মহিলা আওয়ামীলীগ, মেহেরপুর | সদস্য |
| ২০. | জনাব মোঃ আতাউল হাকিম লাল মিয়া, সাধারন সম্পাদক, জেলা ক্রীড়া সংস্থা, মেহেরপুর | সদস্য |
| ২১. | জনাব মোঃ সাইদুর রহমান, সাধারণ সম্পাদক, জেলা শিল্পকলা একাডেমি, মেহেরপুর | সদস্য |
| ২২. | সভাপতি/সম্পাদক, মেহেরপুর প্রেস ক্লাব | সদস্য |
| ২৩. | সভাপতি/সম্পাদক, জেলা ছাত্রলীগ, মেহেরপুর | সদস্য |
| ২৪. | জনাব মুহঃ মোশারফ হোসেন, সভাপতি, জেলা এনজিও সমিতি, মেহেরপুর | সদস্য |

০৪. জেলা পর্যায়ে শিশুদের চিত্রাংকন, রচনা, কবিতা আবৃত্তি, সংগীত ও বিবিধ প্রতিযোগিতা, আয়োজনের জন্য নিম্নবর্ণিত উপ-কমিটি গঠনকরা হয়ঃ

| | | |
|---|---|---|
| ০১. | জনাব মোঃ মিনহাজুল ইসলাম, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর | আহবায়ক |
| ০২. | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, মেহেরপুর | সদস্য |
| ০৩. | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মেহেরপুর | সদস্য |
| ০৪. | উপজেলা শিক্ষা অফিসার, মেহেরপুর সদর | সদস্য |

| | | |
|---|---|---|
| ০৫. | জনাব মোঃ আবুল হাসনাত দিপু, সদস্য, জেলা শিল্পকলা একাডেমি, মেহেরপুর | সদস্য |
| ০৬. | জনাব আশরাফ মাহমুদ, সংগীত পরিচালক, বিটিভি ও বেতার | সদস্য |

০৫. অন্যান্য সিদ্ধান্ত:

(ক) গৃহিত সকল কর্মসূচি বাস্তবায়ন ও সার্বিক সমন্বয়ে থাকবেন জেলা প্রশাসক, মেহেরপুর।

(খ) আইন-শৃংখলা রক্ষার্থে প্রয়োজনীয় পুলিশ ফোর্স নিয়োগের ব্যবস্থা গ্রহণ করবেন পুলিশ সুপার, মেহেরপুর।

(গ) আগামী ১৬ ও ১৭ মার্চ ২০১৯ তারিখ মেহেরপুর শহরকে সজ্জিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মেয়র, মেহেরপুর পৌরসভা।

(ঘ) গৃহিত কর্মসূচি ব্যাপক প্রচারের জন্য জেলা তথ্য অফিসার, মেহেরপুর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করাসহ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রদত্ত ঐতিহাসিক ০৭ মার্চ এর ভাষণ ও দেশাত্ববোধক গান প্রচার এবং সকল কর্মসূচিতে শব্দ যন্ত্র সরবরাহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(ঙ) দিবসের বিভিন্ন কর্মসূচির সংবাদ জাতীয় দৈনিক পত্রিকাগুলোতে তুলে ধরার জন্য সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, মেহেরপুর এবং স্ব-স্ব পত্রিকার সাংবাদিকগণ ব্যবস্থা নিবেন।

(চ) সকল অনুষ্ঠান চলাকালীন নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো লি:, মেহেরপুর।

(ছ) উপজেলা নির্বাহী অফিসার, গাংনী ও মুজিবনগর স্ব-স্ব উপজেলায় জাতীয় ও জেলা কর্মসূচির সঙ্গে সংগতি রেখে দিবসটি পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

(জ) পৌর এলাকায় অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ড. শহীদ সামসুজ্জোহা পার্কে অনুষ্ঠিত আলোচনা সভায় অংশগ্রহণ করবে। পৌর এলাকার বাহিরে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানসহ সভা নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা আয়োজন করবে। শিক্ষা প্রতিষ্ঠানে অনুষ্ঠিত আলোচনা সভার শ্রেষ্ঠ আলোচককে আগামী ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে পুরস্কৃত করা হবে। এছাড়া আনন্দ র‌্যালিতে প্রত্যেক প্রতিষ্ঠান তাদের নিজস্ব ব্যানার বহন করবে। জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বিষয়টি নিশ্চিত করবেন।

(ঝ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী সম্পর্কে মসজিদে নামাজের পরে বা আগে আলোচনাসহ রুহেরমাগফেরাত কামনা করে মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাতের বিষয়টি উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মেহেরপুর নিশ্চিত করবেন।

(ঞ) সকল উপ-কমিটির আহবায়ক প্রয়োজনে সংশিস্নষ্ট উপ-কমিটিতে এক বা একাধিক সদস্য কোঅপ্ট করতে পারবেন।

(ট) স্বেচ্ছায় রক্তদান কর্মসূচীতে ডাক্তার, নার্স ও প্রয়োজনীয় সরঞ্জাম নিশ্চিত করার জন্য সিভিল সার্জন, মেহেরপুরকে অনুরোধ করা হয়। সংশ্লিষ্ট উপকমিটিকে নেজারত ডেপুটি কালেক্টর, মেহেরপুর প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: আতাউল গনি
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৪.৫৭০০.০০৬.২৩.০০৭.১৭.১৩৪

তারিখ: ২১ ফাল্গুন ১৪২৫
০৫ মার্চ ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৪) বিভাগীয় কমিশনার, খুলনা।

৫) ..........................................................................................,

.......................................................................................................

৬) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর। (ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)

মো: আতাউল গনি
জেলা প্রশাসক